

আরাম-ভাঙা উদাস সুরে  
আমার বাঁশির শূন্য হৃদয় কে দিল আজ ব্যথায় পুরে ॥  
বিরামহারা ঘরছাড়া কে ব্যাকুল বাঁশি আপনি ডাকে—  
ডাকে স্বপন-জাগরণে, কাছের থেকে ডাকে দূরে ॥  
আমার প্রাণের কোন্ নিভূতে লুকিয়ে কাঁদায় গোধূলিতে—  
মন আজও তার নাম জানে না, রূপ আজও তার নয়কো চেনা—  
কেবল যে সে ছায়ার বেশে স্বপ্নে আমার বেড়ায় ঘুরে ॥

---

Parjaay: Puja

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail